গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
কাপ্তাই,রাংগামাটি।

স্মারক নং উশিঅ/কাপ্তাই/১১(ক)

তারিখঃ ২৬/১২/২০২১ খ্রিঃ

উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাপ্তাই,রাংগামাটি।

স্থান ঃ উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, কাপ্তাই, রাঙ্গামাটি।

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

তারিখ ঃ ২৬/১২/২০২১ খ্রিঃ

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। উপজেলা শিক্ষা অফিসার বিগত ১৬/১১/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অদ্যকার সভায় তা অনুমোদন করা হয়। অদ্যকার সভার নিম্নোক্ত আলোচ্য সুচী অনুসারে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। বিদ্যালয়ে বই বিতরন প্রসঙ্গে ঃ- সভায় অত্র কাপ্তাই উপজেলায় প্রাথমিক বিদ্যালয় সমুহে ২০২২ সালের বই বিতরন প্রসঙ্গে আলোচনা করা হয়। গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঘোষিত নির্ধারিত তারিখ ০১/০১/২০২২ খ্রিঃ তারিখ বিদ্যালয় সমুহে বিভিন্ন শ্রেনীর বই বিতরন উপজেলা পরিষদ মাননীয় চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার এবং উপজেলার গন্যমান্য ব্যক্তিবর্গের উপস্থিতিতে ইউনিয়ন ওয়ারী বই উৎসব এর মাধ্যমে বই বিতরন করা হবে মর্মে জানানো হয়।

২। এসএমসি গঠন: সভায় জানানো হয় যে, কাপ্তাই উপজেলায় ৫৩ প্রাথমিক বিদ্যালয়ের এসএমসিসমূহ মেয়াদ উত্তীর্ণ হয়ে যাওয়ায় নতুন কমিটি গঠন প্রয়োজন। এক্ষেত্রে বিদ্যমান নীতিমালা অনুসরণপূর্বক উপজেলা শিক্ষা কমিটিতে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করার সিদ্ধান্ত হয়।কমিটি গঠনের পর নব গঠিত কমিটিসমূহকে ইউডিএফ এর অধীনে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদানের জন্য চেয়ারম্যান উপজেলা পরিষদ কাপ্তাই মহোদয়কে জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। বিবিধ: বিদ্যালয় গমনোপযোগী সকল শিশুর ভর্তি নিশ্চিত ও মানসম্মত প্রাথমিক শিক্ষার নিশ্চিতকরনের জন্য সকল শিক্ষক-অভিভাবক - কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের আন্তরিকভাবে কাজ করার অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনার বিষয়বস্তু না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(উমেচিং মারমা)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ কাপ্তাই ও
সভাপতি
উপজেলা স্থায়ী কমিটি।
তারিখ ঃ ২৬/১২/২০২১ খ্রি ঃ।

স্মারকনং ঃ উশিঅ/কাপ্তাই/১১(ক)/৮
সদয়অবগতি ও কার্যার্থের জন্য অনুলিপি প্রেরিত হইলঃ

১। মাননীয় সংসদ সদস্য, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। মাননীয় চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ,রাঙ্গামাটি।
৩। উপপরিচালক,প্রাথমিক শিক্ষা,চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপ্তাই।
৫। উপজেলা নির্বাহী অফিসার,কাপ্তাই।
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। উপজেলা প্রকৌশলী, কাপ্তাই।
৮। -------------------------------- সদস্য উপজেলা স্থায়ী কমিটি।
৯। অফিসনথি।

২৬/১২/২১

( মোহাম্মদ ইদ্রিছ)
উপজেলা শিক্ষা অফিসার,কাপ্তাই ও
সদস্য সচিব
উপজেলা স্থায়ী কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়
কাপ্তাই,রাংগামাটি।

স্মারক নং উশিঅ/কাপ্তাই/৭১(ক)

তারিখঃ ২০/০৩/২০২২ খ্রিঃ

উপজেলা স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী
সভাপতি ঃ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ কাপ্তাই,রাংগামাটি।
স্থান ঃ উপজেলা শিক্ষা অফিসারের কার্যালয়, কাপ্তাই, রাঙ্গামাটি।

তারিখ ঃ ২০/০৩/২০২২ খ্রিঃ

সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যদের স্বাক্ষর পরিশিষ্ট "ক"

সভার প্রারম্ভে উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ আরম্ভ করা হয়। উপজেলা শিক্ষা অফিসার বিগত ২৬/১২/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্য বিবরনী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় অদ্যকার সভায় তা অনুমোদন করা হয়। অদ্যকার সভার নিম্নোক্ত আলোচ্য সুচী অনুসারে বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

১। জরাজীর্ণ বিদ্যালয়ে নতুন ভবন নির্মান প্রসঙ্গে ঃ- সভায় উপজেলা শিক্ষা অফিসার ভালুকিয়া ও গবছড়া বিদ্যালয়ের ভবনসমুহ জরাজীর্ণ এবং শ্রেনী কার্যক্রম পরিচালনায় অসুবিধার কথা জানান সাথে ভালুকিয়া সপ্রাবি এর প্রধান শিক্ষক পার্শ্ববর্তী নিম্নমাধ্যমিক বিদ্যালয়ে শ্রেনী কার্যক্রম পরিচালনার কথা সভায় জানালে সভার সভাপতি মহোদয় ভালুকিয়া ও গবছড়া বিদ্যালয়ের বর্তমান অবস্থা পরিদর্শন করে প্রয়োজনীয় পরবর্তী কার্যক্রম গ্রহন করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২। জরাজীর্ণ বিদ্যালরে ভবনসমূহ নিলামের মাধ্যমে অপসারনঃ- সভায় জানাননো হয় ৮টি বিদ্যালয়ের জরাজীর্ন ভবনসমূহ ঝুঁকিপূর্ণ হওয়ায় বিধিমোতাবেক নিলামের মাধ্যমে অপসারণ করা প্রয়োজন। এ বিষয়ে উপজেলা প্রকৌশলী কর্তৃক নিলামযোগ্য ভবনসমূহের প্রাক্কলন তৈরিপূর্বক নিলাম কমিটির মাধ্যমে ভবনসমূহ অপসারণের সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। বিবিধ: শিক্ষার্থীদের অনলাইন জন্মনিবন্ধন শিক্ষার্থীদের ইউনিক আইডি প্রস্তুত, উপবৃত্তি ও কোভিড টিকা নিবন্ধনসহ বিবিধ কাজে অত্যাবশকীয় হওয়ায় সকল ইউপি চেয়ারম্যানগণকে এ বিষয়ে সহযোগীতা প্রদান করার জন্য অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় আর কোন আলোচনার বিষয়বস্তু না থাকায় সভার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(উমেচিং মারমা)
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ কাপ্তাই ও
সভাপতি
উপজেলা স্থায়ী কমিটি।

স্মারকনং ঃ উশিঅ/কাপ্তাই/৭১(ক)/৮

তারিখ ঃ ২০/০৩/২০২২ খ্রিঃ

সদয়অবগতি ও কার্যার্থের জন্য অনুলিপি প্রেরিত হইলঃ

১। মাননীয় সংসদ সদস্য, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
২। মাননীয় চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ,রাঙ্গামাটি।
৩। উপপরিচালক,প্রাথমিক শিক্ষা,চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কাপ্তাই।
৫। উপজেলা নির্বাহী অফিসার,কাপ্তাই।
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭। উপজেলা প্রকৌশলী, কাপ্তাই।
৮। ---------------------------------- সদস্য উপজেলা স্থায়ী কমিটি।
৯। অফিসনথি।

২০/০৩/২২

( মোহাম্মদ ইদ্রিছ)
উপজেলা শিক্ষা অফিসার,কাপ্তাই ও
সদস্য সচিব
উপজেলা স্থায়ী কমিটি।